# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৪৬৭

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯ / ০২ আগস্ট ২০২২

**বিষয়: 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' এর জন্য আবেদন আহ্বান প্রসঙ্গে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.১৯.৭৫৫; তারিখ: ০১ আগস্ট ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' অনুসরণ পূর্বক 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন আগ্রহী ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনলাইনে আবেদন দাখিল করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৩ (তিন) পৃষ্ঠা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

02.08.2022

**(মোঃ সিদ্দিকুর রহমান)**
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: অধ্যক্ষ/সুপার, সভাপতি ও পরিচালনা কমিটির সদস্যবৃন্দ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল স্তরের মাদ্রাসা

নং- ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২-৪৬৭ (৮)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৯ / ০২ আগস্ট ২০২২

<u>সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক (সকল);
২. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৫. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ);
৬. সদস্যবৃন্দ-গভার্নিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

2/8/22

(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২- ৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.১৯.৭৫৫ তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯ / ০১ আগস্ট ২০২২

বিষয়: **'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' এর জন্য আবেদন আহ্বান**

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্মারক নম্বর-৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.২২.৬১০ তারিখ: ২১ জুলাই ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর থেকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী, 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' অনুসরণপূর্বক 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' প্রাপ্তির লক্ষ্যে ২২.০৮.২০২২ তারিখের মধ্যে এ বিভাগের আওতাধীন আগ্রহী ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনলাইনে আবেদন দাখিল করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের পত্র (6393/potrojariAttachmentRef/31294/0/4337)

১-৮-২০২২
মুহাম্মদ আব্দুস সালাম
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪১৬
ইমেইল: dsadmin@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা
৩) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৫) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা
৬) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া
৭) অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট(বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.১৯.৭৫৫/১ তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯ / ০১ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) ব্যক্তিগত কর্মকর্তা , প্রশাসন ও উন্নয়ন অনুবিভাগ , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), প্রশাসন অধিশাখা-১, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
৪) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

নম্বর ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.২২.৬১০

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: **'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' এর জন্য আবেদন আহ্বান।**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে **'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২'** প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই ও মূল্যায়নের তফসিল নিম্নরূপঃ

| পর্যায় | সময়সীমা |
|---|---|
| আবেদন আহ্বান | ২০ জুলাই |
| জেলা এবং জাতীয় পর্যায়ে অনলাইনে আবেদন দাখিল | ২৩ জুলাই – ২২ আগস্ট |
| জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই | ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত বাছাইকৃত আবেদনসমূহ মূল্যায়নপূর্বক সুপারিশ প্রদান | ৩০ অক্টোবর |
| সুপারিশকৃত আবেদনসমূহ 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র নিকট প্রেরণ | ১০ নভেম্বর |
| ডিজিটাল বাংলাদেশ পুরস্কার প্রদান | ১২ ডিসেম্বর |

২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী পূর্ববর্তী সর্বাধিক ০১ (এক) ক্যালেন্ডার বছর অর্থাৎ জানুয়ারি ২০২১-ডিসেম্বর ২০২১ এর কর্মকান্ড বিবেচনাপূর্বক ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১ এবং ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনাবলী সহ নিম্নোক্ত শর্ত/নির্দেশনাবলী প্রতিপালন সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**শর্ত/নির্দেশনাবলীঃ**

১. 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' অনুসারে আবেদন দাখিল করতে হবে। বিশেষতঃ এ নীতিমালার ৮ এবং ১০ নম্বর ধারায় বর্ণিত মনোনয়ন ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২. কোন ব্যক্তি, দল বা প্রতিষ্ঠান কোন উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান ইত্যাদির জন্য জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত হলে ঐ একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান এর জন্য ডিজিটাল বাংলাদেশ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৩. জেলা বাছাই কমিটি সকল ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করতঃ গ্রহণযোগ্য আবেদনসমূহ কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে।

৪. অনলাইনে www.digitalbangladesh.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে।এছাড়াও, ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১, মনোনয়ন ছক এবং এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনাবলী www.ictd.gov.bd এবং www.doict.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৫. পুরস্কার সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১-৭-২০২২
মোহাম্মদ নাভিদ সফিউল্লাহ
অতিরিক্ত সচিব
ফোন: ০২-৪১০২৪০৪১
ইমেইল: navid.safiullah@ictd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব/সচিব (সকল)

৪) বিভাগীয় কমিশনার (সকল)

৫) দপ্তর/সংস্থা/এজেন্সি/প্রকল্প প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা

৬) প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য অধিদফতর (বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)

৭) জেলা প্রশাসক (সকল)

৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৯) প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

১০) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

১১) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)

১২) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সোসাইটি (বিসিএস)

১৩) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)

১৪) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কন্টাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)

১৫) সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)

১৬) সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)

১৭) সভাপতি, বাংলাদেশ ওম্যান ইন আইটি (বিডব্লিউআইটি)

১৮) সভাপতি, অ্যাসোসিয়েশন অব মোবাইল টেলিকম অপারেটরস অব বাংলাদেশ (এমটব)

১৯) সভাপতি, আমরাই ডিজিটাল বাংলাদেশ